

(3)

RB/SI/KP/Prel/2023

1. Which hormone is synthesized in the ripened seed of a plant?

Ans: Gibberellin

উদ্ভিদের পরিপক বীজে কোন হরমোনটি সংশ্লেষিত হয়?

Ans: জিব্বারেলিন

2. In human body which hormone is secreted from  $\alpha$  (alfa) cell of pancreas?

Ans: Glucagon

মানবদেহে অগ্ন্যাশয়ের আলফা কোশ থেকে কোন হরমোনটি নিঃসৃত হয়?

Ans: গ্লুকাগন

3. Which portion of human brain maintains the body balance?

Ans: Cerebellum

মানব মস্তিষ্কের কোন অংশ দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ করে?

Ans: লঘুমস্তিষ্ক

4. How many sex chromosomes are there in every human cell?

Ans: 2

মানুষের প্রতিটি দেহকোশে কতগুলি সেক্স ক্রোমোজোম থাকে?

Ans: 2 টি

5. Which Scientist invented the law of use and disuse of organs?

Ans: Lamarck

অঙ্গের ব্যবহার ও অব্যবহারের সূত্রটি কোন বৈজ্ঞানিকের প্রবর্তিত মতবাদ?

Ans: ল্যামার্ক

6. The Headquarters of UNESCO is located at

Ans: Paris

ইউনেস্কোর সদর দফতর কোথায় অবস্থিত?

Ans: প্যারিস

[Please Turn Over]

7. How many members are there in United Nations' Security Council?

Ans: 15

রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে সর্বমোট কতজন সদস্য থাকে?

Ans: 15

8. In 1967 who of the following was designated as Deputy Prime Minister?

Ans: Morarji Desai

1967 সালে নিম্নলিখিতের মধ্যে কোন ব্যক্তি উপ-প্রধানমন্ত্রী নির্বাচিত হন?

Ans: মোরারজি দেশাই

9. A Money Bill, after being passed in Lok Sabha is transmitted to Rajya Sabha. Within how many days it will have to be returned to Lok Sabha?

Ans: 14

লোকসভায় পাশ হওয়ার পর একটি অর্থবিল রাজ্যসভায় প্রেরিত হওয়ার কত দিনের মধ্যে আবার লোকসভায় ফেরত পাঠাতে হয়?

Ans: 14

10. As per provision of which writ a higher court can compel a lower court or a person to perform his duty?

Ans: Mandamus

কোন রিট অনুযায়ী উর্ধ্বতন কোর্ট কোনো নিম্ন কোর্ট বা কোনো ব্যক্তিকে তার কর্তব্য পালনে বাধ্য করতে পারে?

Ans: ম্যান্ডামাস

11. Who wrote 'Ramacharit'?

Ans: Sandhyakar Nandi

'রামচরিত' এর রচয়িতা কে?

Ans: সন্ধ্যাকর নন্দী

12. The compilation of preachings of Mahavir is known as

Ans: Siddhanta

মহাবীরের উপদেশের সংকলন কী নামে খ্যাত?

Ans: সিদ্ধান্ত

13. Out of Sixteen Mahajanapadas, which one of the following was located in southern India?

Ans: Asmaka

ষোড়শ মহাজনপদের মধ্যে দক্ষিণ ভারতে অবস্থিত মহাজনপদটির নাম কী?

Ans: অস্মক

14. Attila was the leader of which community?

Ans: Hoon

এটিলা (Attila) কোন সম্প্রদায়ের নেতা ছিলেন?

Ans: হুণ

15. Which traveller came to India during the reign of Chandragupta-II?

Ans: Fa Hiyen

দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে কোন পরিব্রাজক ভারতে আসেন?

Ans: ফা হিয়েন

16. In which year Cripps Mission came to India?

Ans: 1942

ক্রিপস মিশন কত সালে ভারতবর্ষে এসেছিল?

Ans: 1942

17. In which place Annie Besant established Home Rule League?

Ans: Madras

অ্যানি বেসান্ত কোন স্থানে হোমরুল লিগ প্রতিষ্ঠা করেন?

Ans: মাদ্রাজ

18. Who founded Satyasodhak Samaj?

Ans: Jyotiba Phule

সত্যশোধক সমাজ কে প্রতিষ্ঠা করেছিলেন?

Ans: জ্যোতিবা ফুলে

19. Who represented Indian National Congress in Second Round Table Conference?

Ans: Mahatma Gandhi

দ্বিতীয় গোলটেবিল বৈঠকে ভারতীয় জাতীয় কংগ্রেসের হয়ে কে প্রতিনিধিত্ব করেন?

Ans: মহাত্মা গান্ধী

20. Ilbert Bill was related with which of the following?

Ans: Judicial System

ইলবার্ট বিল কোন বিষয়ের সঙ্গে সম্পর্কিত ছিল?

Ans: বিচার ব্যবস্থা

21. Brass is an alloy of which metals?

Ans: Copper & Zinc

পিতল কোন ধাতু দ্বারা প্রস্তুত একটি সংকর ধাতু?

Ans: তামা ও দস্তা

22. Which of the following is not an ore of Aluminium?

Ans: Dolomite

নীচের কোনটি অ্যালুমিনিয়ামের একটি আকরিক নয়?

Ans: ডলোমাইট

23. Which of the following acid is regarded as Aqua Fortis?

Ans: Nitric Acid

কোন অ্যাসিডকে অ্যাকোয়া ফোর্টিস নামে অভিহিত করা হয়?

Ans: নাইট্রিক অ্যাসিড

24. Which of the following scientists explained the structure of atom with the help of Quantum Theory?

Ans: Niels Bohr

নীচের কোন বৈজ্ঞানিক কোয়ান্টাম তত্ত্বের সাহায্যে পরমাণুর গঠন ব্যাখ্যা করেন?

Ans: নিলস্ বোর

25. Hertz is an unit of

Ans: Frequency

হার্জ (Hertz) কীসের একক?

Ans: কম্পাঙ্ক'র

26. In respect of which of the following, when converted into solid from liquid, its volume does not increase?

Ans: Aluminium

নীচের কোনটির ক্ষেত্রে তরল অবস্থা থেকে কঠিনে পরিণত হলে পদার্থটির আয়তন বেড়ে যায় না?

Ans: অ্যালুমিনিয়াম

27. While lifting anything with the help of the hand, the hand performs as which class of Lever?

Ans: 3rd

হাতের সাহায্যে কোনো বস্তু তোলার সময় হাত কোন শ্রেণির লিভার রূপে কাজ করে?

Ans: তৃতীয়

28. Mirage is an example of which of the following?

Ans: Total internal reflection

মরীচিকা নিম্নোক্ত কোনটির উদাহরণ?

Ans: অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন

29. In standard temperature and pressure which of the following is not an amorphous?

Ans: Common Salt

সাধারণ চাপ ও তাপমাত্রায় নীচের কোনটি অনিয়তাকার নয়?

Ans: সাধারণ লবণ

30. Which of the following smells like rotten fish?

Ans: Phosphine

নীচের কোনটির গন্ধ পচা মাছের মত?

Ans: ফসফিন

31. Name the acid present in the sting of an ant.

Ans: Formic acid

পিঁপড়ের হলের মধ্যে নীচের কোন অ্যাসিডটি উপস্থিত থাকে?

Ans: ফরমিক অ্যাসিড

32. Kanha National Park is located in which State?

Ans: Madhya Pradesh

কানহা ন্যাশনাল পার্ক কোন রাজ্যে অবস্থিত?

Ans: মধ্যপ্রদেশ

33. Which of the following is not a Cricket field of South Africa?

Ans: Wellington

নীচের কোনটি দক্ষিণ আফ্রিকার একটি ক্রিকেট খেলার মাঠ নয়?

Ans: ওয়েলিংটন

34. The country Madagascar is situated in which continent?

Ans: Africa

মাদাগাসকার দেশটি কোন মহাদেশে অবস্থিত?

Ans: আফ্রিকা

35. The tourist spot Daringbari is situated in which State?

Ans: Odisha

দারিংবারি পর্যটনস্থলটি কোন রাজ্যে অবস্থিত?

Ans: ওড়িশা

36. Which one is the highest peak of Aravalli range?

Ans: Gurusikhar

আরাবল্লী পর্বতমালার উচ্চতম শৃঙ্গ কোনটি?

Ans: গুরুশিখর

37. In which of the following coastal areas winter rainfall is observed?

Ans: Coromondol Coast

নীচের কোন উপকূলভাগে শীতকালীন বৃষ্টিপাত দেখতে পাওয়া যায় ?

Ans: করমণ্ডল উপকূল

38. Which type of soil is ideal for coffee plantation?

Ans: Laterite Soil

কফি চাষের জন্য নিম্নলিখিত কোন মৃত্তিকাটি সর্বোৎকৃষ্ট ?

Ans: ল্যাটেরাইট মৃত্তিকা

39. In the North-Eastern states of India which type of natural vegetation are mostly observed?

Ans: Tropical Evergreen

ভারতবর্ষের উত্তর-পূর্বের রাজ্যগুলিতে কোন ধরনের স্বাভাবিক উদ্ভিদ সর্বাধিক দেখতে পাওয়া যায় ?

Ans: ক্রান্তীয় চিরহরিৎ উদ্ভিদ

40. Bailadila Iron ore mine is located in which state?

Ans: Chhattisgarh

বায়লাডিলা লৌহ-আকরিক খনিটি কোন রাজ্যে অবস্থিত ?

Ans: ছত্তিশগড়

41. Sardar Sarovar Multi-purpose Project is located on which river?

Ans: Narmada

সর্দার সরোবর বহুমুখী পরিকল্পনা কোন নদীর উপর অবস্থিত ?

Ans: নর্মদা

42. Rill erosion is an example of erosion caused by which natural agent?

Ans: Waterflow

নালিক্কয় কোন প্রাকৃতিক শক্তির দ্বারা সংঘটিত ক্ষয়কার্যের উদাহরণ ?

Ans: জলপ্রবাহ

43. In which city of India for the first time Lok Adalat was held?

Ans: New Delhi

ভারতবর্ষের প্রথম লোক আদালত কোন শহরে বসেছিল?

Ans: নিউ দিল্লি

44. Who established 'Servants of India Society'?

Ans: Gopal Krishna Gokhale

'Servants of India Society'-র প্রতিষ্ঠাতা কে ছিলেন?

Ans: গোপালকৃষ্ণ গোখল

45. In which year battle of Haldighat took place?

Ans: 1576

কত সালে হলদিঘাটের যুদ্ধ হয়েছিল?

Ans: 1576

46. Which enzyme converts protein into peptone?

Ans: Pepsin

কোন উৎসেচক প্রোটিনকে পেপটোনে পরিণত করে?

Ans: পেপসিন

47. Nephridium is the excretory organ of

Ans: Earthworm

নেফ্রিডিয়াম কোন প্রাণীর রেচন অঙ্গ?

Ans: কেঁচো

48. Shivaji was compelled to sign which treaty with Mughals?

Ans: Treaty of Purandar

শিবাজী মোগলদের সাথে কোন সন্ধি স্বাক্ষর করতে বাধ্য হন?

Ans: পুরন্দরের সন্ধি

www.sarkarinipri.org



49. Locomotion of Eugleena is done by

Ans: Flagellar

ইউগ্লিনা কীসের সাহায্যে গমন করে?

Ans: ফ্ল্যাগেলার

50. Emmanuel Macron is the head of which nation?

Ans: France

ইমানুয়েল ম্যাকরঁ কোন দেশের রাষ্ট্রপ্রধান?

Ans: ফ্রান্স

51. In a certain code BOARD is written as 53169 and NEAR is written as 2416. How is NODE written in that code?

Ans: 2394

কোনো সাংকেতিক ভাষায় BOARD-কে লেখা হয় 53169 এবং NEAR-কে লেখা হয় 2416। ওই সাংকেতিক ভাষায় NODE-কে কী লেখা হবে?

Ans: 2394

52. What should come next in the following sequence of letters?

B B C B C D B C D E B C D

E F B C D E F G B C D E F

Ans: G

নিম্নের বর্ণবিন্যাসের পর কোন বর্ণটি আসবে?

B B C B C D B C D E B C D

E F B C D E F G B C D E F

Ans: G

53. In a certain code SPORADIC is written as QNORDJEB. How is TROUBLES written in that code?

Ans: TNQSTFMC

কোনো সাংকেতিক ভাষায় SPORADIC-কে লেখা হয় QNORDJEB। ওই সাংকেতিক ভাষায় TROUBLES কীভাবে লেখা হবে?

Ans: TNQSTFMC

54. Three of the following four are alike in a certain way and so form a group. Which is the one that does not belong to that group?

Ans: Chlorine

নীচের চারটির তিনটি কোনো কারণে সদৃশ এবং একটি শ্রেণিভুক্ত। কোনটি ওই শ্রেণিভুক্ত নয়?

Ans: ক্লোরিন

55. Three of the following four are alike in a certain way and so form a group. Which is the one that does not belong to that group?

Ans: 159

নীচের চারটির তিনটি কোনো কারণে সদৃশ এবং একটি শ্রেণিভুক্ত। কোনটি ওই শ্রেণিভুক্ত নয়?

Ans: 159

56. How many such pairs of letters are there in the word GLIMPSE each of which has as many letters between them in the word as in the English alphabet?

Ans: 2

GLIMPSE শব্দটির মধ্যে কতগুলি এমন জোড়া বর্ণ আছে, শব্দটির মধ্যে তাদের মাঝে যতগুলি বর্ণ আছে, ইংরেজি বর্ণমালাতেও তা আছে?

Ans: 2

57. 'P × Q' means 'P' is brother of 'Q'.  
'P - Q' means 'P' is sister of 'Q'.  
'P + Q' means 'P' is father of 'Q'.  
'P ÷ Q' means 'P' is mother of 'Q'.

Which of the following represents F is daughter of W?

Ans: W + R × F - T

'P × Q' মানে 'P' হল 'Q'-এর ভাই।

'P - Q' মানে 'P' হল 'Q'-এর বোন।

'P + Q' মানে 'P' হল 'Q'-এর বাবা।

'P ÷ Q' মানে 'P' হল 'Q'-এর মা।

নীচের কোনটি F-কে W-এর কন্যা হিসেবে নির্দেশ করে?

Ans: W + R × F - T

58. *Statements* : All pens are chairs.  
(বিবৃতি) All flowers are chairs.  
All chairs are trucks.  
All trees are trucks.

- Conclusions* : I. Some trucks are pens.  
(সিদ্ধান্ত) II. Some trucks are chairs.  
III. Some trees are pens.  
IV. Some trees are chairs.

Which of the following conclusions are correct based on the above statements?

Ans: Only I and II follow.

উপরিউক্ত বিবৃতির উপর ভিত্তি করে নিম্নের কোন সিদ্ধান্তগুলি সঠিক?

Ans: শুধুমাত্র I এবং II হবে।

59. A number series is given with two terms missing. What will come in place of the question marks (?) to complete the series?

4, 6, 8, 12, 14, 18, 20, 24, 30, ?, ?

Ans: 32, 38


একটি সংখ্যাশ্রেণি দেওয়া আছে যাতে দুটি সংখ্যা নেই।  
প্রশ্নবোধক স্থানদুটিতে কী বসলে সংখ্যাশ্রেণিটি পরিপূর্ণ হবে?

4, 6, 8, 12, 14, 18, 20, 24, 30, ?, ?

Ans: 32, 38

60. What will come in place of the '?' mark?


প্রশ্নবোধক ('?') স্থানে কী বসবে?



Ans: 7

61. Four positions of a cube are shown below. Identify the number at the bottom when top is 6.

একটি ঘনকের চারটি অবস্থান নিম্নে দেওয়া হয়েছে।  
যখন উপরে 6 থাকবে তখন নীচের সংখ্যাটি কী হবে?



Ans: 1

62. If LACK is written as 396, then BACK is written as—


Ans: 66

যদি LACK-কে 396 লেখা হয়, তবে BACK-কে  
লেখা হবে—

Ans: 66

63. How many triangles are there in the following figure?

নীচের চিত্রটিতে কতগুলি ত্রিভুজ আছে?



Ans: 16

64. M is the son of P. Q is the grand-daughter of O who is the husband of P. How is M related to O?

Ans: Father

M, P-এর পুত্র। Q, O-এর নাতনি যে কিনা P-এর স্বামী। O-এর সাথে M-এর সম্পর্ক কী?

Ans: বাবা

65. If  $84 \times 13 = 8$ ,  $37 \times 13 = 6$ ,  $26 \times 11 = 6$ , then  $56 \times 22 = ?$

Ans: 7

যদি  $84 \times 13 = 8$ ,  $37 \times 13 = 6$ ,  $26 \times 11 = 6$  হয়, তাহলে  $56 \times 22 = ?$

Ans: 7

66. There are 5 books. A, B, C, D and E placed on a table. If A is placed below E, C is placed above D, B is placed below A and D is placed above E, then which of the following books touches the surface of the table?

Ans: B

A, B, C, D ও E পাঁচটি বই একটি টেবিলে সাজানো আছে। যদি A, E-এর নীচে, C, D-এর উপরে, B, A-এর নীচে এবং D, E-এর উপরে থাকে, তাহলে কোন বইটি টেবিল স্পর্শ করে আছে?

Ans: B

67. If 'x' stands for '+', '<' for '-', '+' stands for '÷', '>' stands for 'x', '-' stands for '=', '÷' stands for '>' and '=' stands for '<', state which of the following is true?

Ans:  $5 > 8 + 4 = 10 < 4 \times 8$

যদি 'x' মানে '+', '<' মানে '-', '+' মানে '÷', '>' মানে 'x', '-' মানে '=', '÷' মানে '>' এবং '=' মানে '<' হয়, তবে নীচের কোনটি সত্য?


Ans:  $5 > 8 + 4 = 10 < 4 \times 8$

68. If a mirror is placed on the line MN, then which of the answer figures is the right image of the given figure?


যদি একটি দর্পণকে MN রেখা বরাবর বসানো হয়, তবে নিম্নের কোন চিত্রটি প্রদত্ত চিত্রটির সঠিক প্রতিবিন্দু হবে?

Given figure:

প্রদত্ত চিত্র :



Ans:



69. Find the odd one out:

Ans: Orange-Green

বেমানান শব্দটি চিহ্নিত করুন :

Ans: কমলা-সবুজ

70. A man is facing towards West and turns through  $45^\circ$  clockwise, again  $180^\circ$  clockwise and then turns through  $270^\circ$  anticlockwise. In which direction is he facing now?

Ans: South-West

এক ব্যক্তি পশ্চিম দিকে মুখ করে দাঁড়িয়ে ঘড়ির কাঁটার অভিমুখে  $45^\circ$  ঘুরলেন আবার  $180^\circ$  ঘুরলেন এবং তারপর ঘড়ির কাঁটার বিপরীত অভিমুখে  $270^\circ$  ঘুরলেন। তিনি এখন কোন দিকে মুখ করে আছেন?

Ans: দক্ষিণ-পশ্চিম

71. Which of the following will come in the last in a telephone directory?

Ans: Mohinder

নীচের কোনটি একটি টেলিফোন ডাইরেকটরিতে সর্বশেষে থাকবে?

Ans: Mohinder

72. Which letter in the word CYBERNETICS occupies the same position as it does in the English alphabet?

Ans: I

CYBERNETICS শব্দটির মধ্যকার কোন বর্ণটির ইংরেজি বর্ণমালাতে তার যে অবস্থান, শব্দটির মধ্যেও একই অবস্থান?

Ans: I

73. If the English alphabet series is written in the reverse order, which will be the fifth letter to the left of the ninth letter from the right?



Ans: N

যদি ইংরেজি বর্ণমালাকে উল্টোদিক দিয়ে লেখা হয়, তাহলে কোন বর্ণটি ডানদিক থেকে নবম বর্ণের বামদিকের পঞ্চম বর্ণ হবে?

Ans: N

74. Which of the following figures will replace the '?' mark to continue the pattern?

নীচের কোন চিত্রটি প্রশ্নবোধক ('?') স্থানে বসলে চিত্রগুলির নকশা (pattern) বজায় থাকবে?



75. Find the missing number:

লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন :

?	13	49
9	17	69
13	11	59

Ans: 5

76. To leave the same remainder, 123, 178 and 244 shall be divided by which greatest number?

Ans: 11

কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 123, 178 এবং 244-কে ভাগ করলে, প্রতিক্ষেত্রে একই ভাগশেষ থাকবে?

Ans: 11

77. Find out the least perfect square which is divisible by 21, 36 and 66.

Ans: 213444

ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যা নির্ণয় করুন, যা যথাক্রমে 21, 36 ও 66 দ্বারা বিভাজ্য।

Ans: 213444

78. Simplify :

$$12\frac{1}{3} + 10\frac{5}{6} - 7\frac{2}{3} - 1\frac{4}{7}$$

Ans:  $13\frac{13}{14}$

সরলতম মান নির্ণয় করুন:

$$12\frac{1}{3} + 10\frac{5}{6} - 7\frac{2}{3} - 1\frac{4}{7}$$

Ans:  $13\frac{13}{14}$

79. The sum of marks obtained by Arun in English and Mathematics is 170 and the difference is 10. What is the ratio of marks obtained by Arun in English and Mathematics?

Ans: 9 : 8

অরুণের ইংরেজি ও অঙ্কের প্রাপ্ত নম্বরের সমষ্টি 170 এবং নম্বরের পার্থক্য 10। ইংরেজি ও অঙ্কে প্রাপ্ত নম্বরের অনুপাত কত?

Ans: 9 : 8

80. A student saves ₹ 1 first day, ₹ 2 on second day, ₹ 4 on 3rd day, ₹ 8 on 4th day and so on. What shall be his total savings in 12 days (in ₹)?

Ans: 4095

এক ছাত্র প্রথম দিনে 1 টাকা, দ্বিতীয় দিনে 2 টাকা, তৃতীয় দিনে 4 টাকা, চতুর্থ দিনে 8 টাকা, এইভাবে সঞ্চয় করতে শুরু করে। 12 দিনে সে মোট কত টাকা সঞ্চয় করতে পারবে?

Ans: 4095

81. Two numbers are in the ratio 3 : 5. If 10 is added with both the numbers, the ratio becomes 5 : 7. What is the sum of two numbers?

Ans: 40

দুটি সংখ্যার অনুপাত 3 : 5। প্রতিটির সঙ্গে 10 যোগ করা হলে, নতুন সংখ্যা দুটির অনুপাত হয় 5 : 7। সংখ্যা দুটির সমষ্টি কত?

Ans: 40

82. ₹ 9,195 is distributed among A, B and C in such a way that if ₹ 45, ₹ 60 and ₹ 90 respectively are deducted from the sum they received, the ratio of money received by A, B and C becomes 2 : 3 : 4. What is the amount received by B? (in ₹)

Ans: 3,060

9,195 টাকা A, B ও C-এর মধ্যে এমনভাবে ভাগ করা হল যাতে তাদের প্রাপ্ত টাকা থেকে যথাক্রমে 45 টাকা, 60 টাকা ও 90 টাকা নিয়ে নিলে, বাকি টাকার অনুপাত 2 : 3 : 4 হয়। B কত টাকা পেয়েছিল?

Ans: 3,060



83. In a clock, when it is 6, the bell tolls 6 times and takes 10 seconds. In the same, how many seconds will be required, if at 12, the bell tolls 12 times?

Ans: 22

একটি ঘড়িতে 6 টা বাজার সময় 6 টি ঘণ্টা পড়তে 10 সেকেন্ড সময় লাগে। ওই ঘড়িতে 12 টা বাজার সময়, 12 টি ঘণ্টা পড়তে কত সেকেন্ড সময় লাগবে?

Ans: 22

84. On 1st January A and B started a business investing ₹ 40,000 and ₹ 60,000 respectively. On 1st March, A invested ₹ 20,000 more and on 1st June B withdraws ₹ 10,000. If till 31st December, they yielded a profit of ₹ 33,250, what shall be the share of B (in ₹)?

Ans: 16,250

1 জানুয়ারি A এবং B যথাক্রমে 40,000 টাকা ও 60,000 টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা আরম্ভ করে। 1 মার্চ A আরও 20,000 টাকা বিনিয়োগ করে কিন্তু 1 জুন B 10,000 টাকা তুলে নেয়। 31 শে ডিসেম্বর পর্যন্ত 33,250 টাকা লাভ হলে, B কত টাকা পাবে?

Ans: 16,250

85. In a School, average age of 10 students is 10.3 years. Out of them average age of 3 students is 12 years and average age of 5 students is 9 years. What is the average age of remaining 2 students (in year)?

Ans: 11

একটি বিদ্যালয়ে 10 জন ছাত্রের গড় বয়স 10.3 বছর। এদের মধ্যে 3 জনের গড় বয়স 12 বছর এবং অন্য 5 জনের গড় বয়স 9 বছর হলে, বাকি দুজনের গড় বয়স কত বছর?

Ans: 11

86. A's capacity to complete a work is thrice that of B. A completes the work 20 days prior to B. In how many days they can complete the work, if they work together?

Ans:  $7\frac{1}{2}$

A, B-এর 3 গুণ কর্মক্ষম এবং একটি কাজ A, B-এর 20 দিন আগে শেষ করে। তারা একত্রে কাজটি কত দিনে শেষ করবে?

Ans:  $7\frac{1}{2}$

87. The capacity of pipe A is thrice that of pipe B. The time taken by pipe A to fill in the tank is 16 minutes less than the time taken by B to do the same. If both the pipes A and B work together, in how many minutes the tank will be filled in?

Ans: 6

A নল B নলের 3 গুণ ক্ষমতাসম্পন্ন। একটি খালি টোবাচা B নলের দ্বারা পূর্ণ হতে যে সময় লাগে, A নলের তার থেকে 16 মিনিট কম সময় লাগে। একত্রে এই দুটি নল দ্বারা খালি টোবাচাটি জলপূর্ণ হতে কত মিনিট সময় লাগবে?

Ans: 6

88. A and B were moving in cycles in same direction at a speed of 8 metres/sec and 5 metres/sec respectively. At a given time B was 180 metres ahead of A. In next 70 seconds what shall be the distance between them (in metre)?

Ans: 30

A এবং B সাইকেলে চেপে যথাক্রমে 8 মিটার/সেকেন্ড ও 5 মিটার/সেকেন্ড বেগে একই অভিমুখে গতিশীল। কোনো এক সময়ে B, A-এর থেকে 180 মিটার এগিয়ে ছিলো। পরবর্তী 70 সেকেন্ড পর তাদের মধ্যে দূরত্ব কত মিটার হবে?

Ans: 30

89. A train was moving at a speed of 45 km/hr. It takes 18 seconds to cross a person coming from opposite side at a speed of 5 km/hr. What is the length of the train (in metre)?

Ans: 250

একটি ট্রেন 45 কিমি/ঘণ্টা বেগে চলেছে। বিপরীত দিক থেকে 5 কিমি/ঘণ্টা বেগে এগিয়ে আসা এক ব্যক্তিকে ট্রেনটি 18 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?

Ans: 250

90. A, B and C are three ferry ghat located on the same bank of a river and B is located just at the mid point of A and C. The current flows from C to A. A boat takes 6 hrs and 20 mins to return to A, starting from A and touching B. The same boat takes 8 hrs to reach C from A. How much time it would take to come to A from C?

Ans: 4 hrs 40 mins

A, B এবং C একটি নদীর একই তীরে অবস্থিত তিনটি ঘাট এবং B ঘাটটি A ও C-এর ঠিক মাঝখানে অবস্থিত। নদীর স্রোত C থেকে A-এর দিকে। একটি নৌকা A থেকে B পর্যন্ত গিয়ে আবার A তে ফিরে আসতে 6 ঘণ্টা 20 মিনিট সময় নেয়। নৌকাটি A থেকে C পর্যন্ত যেতে 8 ঘণ্টা সময় নেয়। C থেকে A-তে ফিরতে নৌকাটির কত সময় লাগবে?

Ans: 4 ঘণ্টা 40 মিনিট

91. In a constituency 25% of the voters restrained from voting. Out of the total votes cast, 2% votes were found to be invalid. The candidates who has won, got 75% of the valid votes, which is 9261. How many voters were there?

Ans: 16800

একটি নির্বাচন ক্ষেত্রের 25% ভোটার ভোটদানে বিরত ছিলেন। যারা ভোট দিয়েছেন তার মধ্যে 2% ভোট বাতিল হয়। গ্রাহ্য ভোটের 75% ভোট পেয়ে যিনি নির্বাচিত হয়েছেন, তিনি যদি 9261টি ভোট পেয়ে থাকেন, তবে মোট ভোটার কত?

Ans: 16800

92. A business man earns a profit of 25% even selling the cloth in cost price. Then calculate while selling 1 metre of cloth, actually he gives how many cm of cloth?

Ans: 80

এক কাপড়ের ব্যবসায়ী ক্রয়মূল্যে কাপড় বিক্রয় করেও 25% লাভ করে। তাহলে সে 1 মিটারের পরিবর্তে কত সেমি কাপড় দেয়?

Ans: 80

93. A person sells a product after giving 15% discount on marked price and earns a profit of 19%. If he would not have given any discount, what would be his percentage of profit?

Ans: 40

এক ব্যক্তি ধার্যমূল্যের ওপর 15% ছাড় দিয়ে কোনো দ্রব্য বিক্রয় করে 19% লাভ করে। যদি কোনো ছাড় না দিত, তার কত শতাংশ লাভ হত?

Ans: 40

94. A person opened term deposit in the name of his two daughters at 15% rate of interest in such a way that when they will attain 18 years of age, they will get ₹ 38,000 each. Since his elder daughter was 12, he kept ₹ 4,800 more for her than his younger daughter. What was the amount he kept for his younger daughter (in ₹)?

Ans: 15,200

এক ব্যক্তি তার দুই মেয়ের নামে ব্যাংকে 15% হারে দুটি স্থায়ী আমানত এমনভাবে রাখলেন যে প্রত্যেকের বয়স 18 বছর হলে 38,000 টাকা করে পাবে। বড়ো মেয়ের বয়স 12 বছর হওয়ায় তিনি তার জন্য ছোটো মেয়ের থেকে 4,800 টাকা বেশি রাখলেন। ছোটো মেয়ের জন্য তিনি কত টাকা রেখেছিলেন?

Ans: 15,200

95. In compound interest a given sum in a year becomes ₹ 5,500 and in 3 years ₹ 6,655. What was the rate of interest?

Ans: 10

যদি চক্রবৃদ্ধি সুদে কিছু পরিমাণ অর্থ 1 বছরে 5,500 টাকা ও 3 বছরে 6,655 টাকা হয়, তবে সুদের হার কত শতাংশ ছিল?

Ans: 10

96. The perimeter of a rectangular field is 20 cm and its area is 24 sqcm. What is the difference of length and breadth of the field (in cm)?

Ans: 2

একটি আয়তক্ষেত্রাকার মাঠের পরিসীমা 20 সেমি এবং ক্ষেত্রফল 24 বর্গসেমি হলে, মাঠটির দৈর্ঘ্য ও প্রস্থের পার্থক্য কত সেমি?

Ans: 2

97. A watch gets slow by 6 minutes in every hour. At morning 7 am, time of the watch has been corrected with that of another watch giving genuine time. When it will be 4 past 20 minutes original time, what time will be shown in the faulty watch?

Ans: 3 past 24 mins

একটি ঘড়ি প্রতি ঘণ্টায় 6 মিনিট পিছিয়ে (slow) যায়। সকাল 7 টার সময় একটি সঠিক ঘড়ির সাথে ওই ঘড়ির সময় মেলানো হল। বিকেল 4 টে 20 মিনিটের সময় ত্রুটিপূর্ণ ঘড়িটিতে কত সময় দেখাবে?

Ans: 3 টে 24 মিনিট

98. A person divided ₹ 2,000 in two parts and kept in bank for 1 year. First part yields an interest of 10% and the second part yields an interest of 20% and overall he receives an interest of ₹ 320. What was the first part of the sum (in ₹)?

Ans: 800

এক ব্যক্তি 2,000 টাকা দুটি অংশে ভাগ করে 1 বছরের জন্য ব্যাংকে রাখেন। প্রথম ও দ্বিতীয় অংশে যথাক্রমে 10% ও 20% হারে সুদ দিলে, মোটের ওপর সে 320 টাকা সুদ পায়। প্রথম অংশ কত টাকা ছিল?

Ans: 800

99. There is 20 litres milk in a container. 4 litres milk is withdrawn and substituted by 4 litres of water. The same process is repeated again. How many litres of milk will be left?

Ans: 12·8

একটি পাত্রে 20 লিটার দুধ আছে। পাত্রটি থেকে 4 লিটার দুধ তুলে নিয়ে সমপরিমাণ জল মিশ্রিত করা হল। এই পদ্ধতি আরও একবার করার পর পাত্রে দুধের পরিমাণ কত লিটার থাকবে?

Ans: 12·8

100. What is the difference in interest yielded in 10% compound rate and simple rate on a sum of ₹ 1,000 for 3 years?

Ans: 31

1,000 টাকার 10% হারে 3 বছরের চক্রবৃদ্ধি ও সরল সুদের পার্থক্য কত টাকা?

Ans: 31

www.sarkarinokri.org